পরিবর্তিত এ বিধান দু'টি ২০১৫-২০১৬ কর বছর থেকে প্রযোজ্য হবে।

৬০। <u>আয়কর অধ্যাদেশের THE SIXTH SCHEDULE, PART-A এর সংশোধন ঃ</u>

অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে ষষ্ঠ তফসিল, পার্ট-এ তে আনীত পরিবর্তন/সংযোজনস
নিম্নরূপঃ

(ক) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 11A প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বি
অনুসারে বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী হ
ডিভিডেন্ড হিসেবে প্রাপ্ত অর্থ ২৫ হাজার টাকা পর্যন্ত প্রাপকের হাতে করমুক্ত থাক
কোন করদাতা কর্তৃক প্রাপ্ত এরূপ ডিভিডেন্ডের পরিমাণ ২৫ হাজার টাকার অধিক হ
২৫ হাজার টাকার অতিরিক্ত অংক করযোগ্য আয় হিসেবে মোট আয়ের সাথে 
হবে। উল্লেখ্য, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় এমন কোন কোম্পানী হতে প্রাপ্ত সমু
লভ্যাংশ আয় করযোগ্য আয় হিসেবে গণ্য হবে।

(খ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 20 প্রতিস্থাপন করা হয়েছে। প্রতিস্থাপিত বি
অনুসারে কোন করদাতা কর্তৃক ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত গ্র্যাচুইটি হিসেবে প্রাপ্ত
করমুক্ত আয় হিসেবে গণ্য হবে। কোন করদাতা কর্তৃক এরূপ খাতে প্রাপ্ত অর্থের পরি
২ কোটি ৫০ লক্ষ টাকার বেশি হলে অতিরিক্ত অংক করযোগ্য আয় হিসেবে বিবে
হবে।

(গ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 21 এর উপ-অনুচ্ছেদ (d) প্রতিস্থাপন করা হয়ে
প্রতিস্থাপিত এ বিধান অনুসারে কোন শ্রমিক কর্তৃক workers participation fu
হতে প্রাপ্ত সমুদয় অংক করমুক্ত আয় হিসেবে বিবেচিত হবে। **এক্ষেত্রে বাংলাদেশ
আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ২(৬৫) ধারায় প্রদত্ত সংজ্ঞায় অন্ত
ব্যক্তিগণই কেবলমাত্র শ্রমিক হিসেবে বিবেচিত হবেন।** ফলে বর্ণিত শ্রম আই
উল্লিখিত সংজ্ঞা বহির্ভূত কোন ব্যক্তি কর্তৃক workers participation fund হ
প্রাপ্ত যে কোন অংক প্রাপকের হাতে করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে।

(ঘ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 22A হতে "ডিভিডেন্ড" শব্দটি বিলুপ্ত করা হয়ে
ডিভিডেন্ড শব্দটি বিলোপের প্রেক্ষিতে মিউচ্যুয়াল ফান্ড অথবা ইউনিট ফান্ড হতে 



করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে।

(ঙ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 24 এর পর একটি নতুন অনুচ্ছেদ 24A সংযোজন করা হয়েছে। সংযোজিত এ নতুন ধারার বিধান অনুসারে কোন করদাতা কর্তৃক ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড, ইউরো ইনভেস্টমেন্ট বন্ড, পাউন্ড স্টার্লিং ইনভেস্টমেন্ট বন্ড ও পাউন্ড স্টার্লিং প্রিমিয়াম বন্ডে বিনিয়োগ হতে অর্জিত সমুদয় আয় করদাতার করমুক্ত আয় হিসেবে বিবেচিত হবে।

উপরোক্ত (ক), (খ), (গ), (ঘ) এবং (ঙ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত বিধানসমূহ ২০১৫-২০১৬ কর বছর হতে প্রযোজ্য হবে।

(চ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 33 এ বর্ণিত সফট্ওয়্যার এবং সফট্ওয়্যার সংশ্লিষ্ট ব্যবসার আয়ের কর অব্যাহতির সময়সীমা ৩০ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ফলে কোন করদাতার Software Development বা Nationwide Telecommunication Transmission Network (NTTN) বা Information Technology Enabled Services (ITES) সংশ্লিষ্ট ব্যবসা খাতের অর্জিত আয় ৩০ জুন, ২০১৯ তারিখের পরিবর্তে ৩০ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত করমুক্ত থাকবে। অর্থাৎ, উল্লিখিত ব্যবসাসমূহ থেকে অর্জিত আয়ের উপর ৩০ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত কোন আয়কর প্রদেয় হবে না।

(ছ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 35 এ বর্ণিত কর অব্যাহতির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। সংযোজিত এ বিধান অনুসারে হস্ত শিল্পজাত পণ্য রপ্তানী থেকে কোন করদাতার অর্জিত আয় ৩০ জুন, ২০১৫ তারিখের পরিবর্তে ৩০ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত করমুক্ত থাকবে। ফলে ৩০ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত এ শিল্পের রপ্তানী আয়ের উপর কোন আয়কর প্রদেয় হবে না।

(জ) উল্লিখিত তফসিলের অনুচ্ছেদ 49, 50 ও 51 এ বিদ্যমান crossed cheque শব্দগুলির পর bank transfer শব্দগুলি বর্ণিত অর্থ আইনের মাধ্যমে সংযোজন করা হয়েছে। পরিবর্তিত এ বিধান অনুসারে সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত